19 MAR 2003

দৈনিক
জনকণ্ঠ

19 MAR 2003

এসএসসি পরীক্ষা

# যশোর শিক্ষা বোর্ডে ঝুঁকিপূর্ণ কেন্দ্রে বিডিআর মোতায়েন করা হবে

**স্টাফ রিপোর্টার, যশোর অফিস ॥** যশোর শিক্ষাবোর্ডের এসএসসি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য এবার ব্যাপক প্রস্তুতি নেয়া হচ্ছে। অধিক ঝুঁকিপূর্ণ কেন্দ্রে পুলিশের পাশাপাশি এবার আধা-সামরিক বাহিনীর সদস্য বিডিআর মোতায়েন করা হবে। শিক্ষক, অভিভাবকদের নিয়ে শিক্ষাবোর্ড ইতোমধ্যে কয়েকটি বৈঠক করেছে। অন্যান্য শিক্ষাবোর্ডের সাথে যশোর শিক্ষাবোর্ডে আগামী ২৭ মার্চ থেকে এসএসসি পরীক্ষা শুরু হচ্ছে। এবার যশোর শিক্ষাবোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ১ লাখ ১৮ হাজার ১শ' ২৭ জন। খুলনা বিভাগের ১০ জেলায় ৯৯টি কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হবে। পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য ইতোমধ্যে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করেছে শিক্ষাবোর্ড। বিশেষ করে অধিক ঝুঁকিপূর্ণ কুষ্টিয়ার খাসমথুরাপুর, দৌলতপুর, ফিলিপনগর, বড় গাংদিয়াসহ বেশ কিছু কেন্দ্রে পুলিশের পাশাপাশি বিডিআর মোতায়েন করা হবে।